# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 12 May, 2025

বীজ আলুর দাম বৃদ্ধির দাবিতে জামালপুরে মানববন্ধন করেছে বিএডিসির চুক্তিবদ্ধ বীজ আলু চাষিরা।আজ দুপুরে জামালপুর প্রেসক্লাবের সামনে আয়োজিত মানববন্ধনে এ দাবি জানানো হয়।

মানববন্ধনে বিএডিসি আলুবীজ চুক্তিবদ্ধ চাষি ফোরামের নেতৃবৃন্দ বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরে উৎপাদিত প্রতি কেজি আলুর দাম পান ৩৫ থেকে ৩৭ টাকা।২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিকেজি বীজ আলুর মূল্য নির্ধারণ করা হয়েছে ২৬ থেকে ২৮ টাকা।এতে চুক্তিবদ্ধ চাষিগণ সর্বস্বান্ত হবার উপক্রম হয়েছে।

উৎপাদন খরচের সাথে সামঞ্জস্য রেখে আলু বীজের মূল্য গত অর্থবছরের চাইতেও এবার প্রতি কেজিতে আরো দুই টাকা বাড়িয়ে ৩৭ থেকে ৩৯ টাকা নির্ধারণের দাবি জানান।দাবি মানা না হলে বৃহত্তর আন্দোলনে যাবার হুমকি দিয়েছে বীজ আলু চাষিরা।

মানববন্ধনে বক্তব্য রাখেন- বিএডিসি আলুবীজ চুক্তিবদ্ধ চাষি ফোরামের কেন্দ্রীয় কমিটির সভাপতি রুহুল আমিন মিলন, যুগ্ম সাধারণ সম্পাদক হাবিবুর রহমান রুমেল, জেলা কৃষক ফোরামের যুগ্ম সাধারণ সম্পাদক তসলিম উদ্দিন, আলু বীজ চাষি আবুল কালাম।পরে একই দাবিতে জামালপুর প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন বীজ আলু চাষিরা।

জামালপুর প্রেসক্লাব মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:52

URL: https://www.timestodaybd.com/across-the-country/2358775807